

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
১ম ১২তলা সরকারি অফিস ভবন ১১ তলা  
সেগুনবাগিচা, ঢাকা।  
[www.bkkb.gov.bd](http://www.bkkb.gov.bd)

নং: ০৫.৮১.০০০০.০০১.০৩.১২৯.১৯.(খন্ড-২)-২৯০

তারিখ: ০৮/০৪/২০২১


বিষয়: ২০২০-২০২১ অর্থবছরের অনলাইনে প্রাপ্ত শিক্ষাবৃত্তির আবেদনসমূহ যাচাই-বাছাই

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থবছরে শিক্ষাবৃত্তির জন্য অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ নিম্নোক্তভাবে যাচাই-বাছাই করা যেতে পারে:

০১. আবেদনসমূহ বাছাই করার জন্য প্রত্যেক ইউজার তার ড্যাশবোর্ডের “কর্মরত (১১-২০গ্রেড) এ গিয়ে ডাইরি নম্বর সাজিয়ে দেখুন” অপশন থেকে যেকোন ডাইরি বা নির্দিষ্ট সংখ্যা ... হতে ... নম্বর পর্যন্ত আবেদন অনুসন্ধান করা বা বাছাই করার সুযোগ পাবেন। নির্দিষ্ট সংখ্যক আবেদন অনুসন্ধান এর ব্যবস্থা রয়েছে যেখানে আবেদনগুলো নতুন ডাইরি অনুযায়ী ক্রমান্বয়ে আসবে;
০২. পিএসসি এবং জেএসসি ছাত্র/ছাত্রীর নম্বরপত্রের ক্ষেত্রে Online Copy সত্যায়িত ছাড়া দাখিল করলে সে ক্ষেত্রে আপত্তি না দিয়ে বিবেচনা করা হবে;
০৩. কোভিড-১৯ এর কারণে ২০২০-২০২১ অর্থবছরে শিক্ষাবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
০৪. অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ Print Out করে যাচাই-বাছাই ও অডিটের জন্য সংরক্ষণ করা যেতে পারে;
০৫. আবেদনসমূহ ০৮/০৪/২০২১ হতে ৩০/০৪/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অফিস যাচাই-বাছাই করে ক্রটিপূর্ণ আবেদনের আপত্তি প্রদান করবে এবং ০১/০৫/২০২১ থেকে ১৫/০৫/২০২১ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদনকারীগণ আপত্তি-নিষ্পত্তির সুযোগ পাবেন।
০৬. ২০২০ সালে যে সকল ছাত্র/ছাত্রী এইচএসসি পাশ করেছে তাদের ক্ষেত্রে অনলাইন মার্কশীট গ্রহণযোগ্য হবে। যেহেতু উক্ত সালে ছাত্র/ছাত্রী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন নি তাই তাদের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বা বিভাগীয় প্রধানের সুপারিশ শিথিলযোগ্য।

আবেদন গ্রহণযোগ্য হওয়ার ভিত্তি	আবেদন বাতিল হওয়ার ভিত্তি
০১. ১১হতে ২০ গ্রেডের সকল ও ২০ টি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সঠিক আবেদন বিবেচনা যোগ্য; ০২. তথ্যের গরমিলের কারণে যদি শিক্ষাবৃত্তি প্রাপ্তি সংগত হয় তবে ভুল তথ্য প্রদানের জন্য ঐ আবেদন বাতিল না হয়ে বিবেচনা যোগ্য হবে।	০১. কোন তথ্য ভুল প্রদানের কারণে যদি শিক্ষাবৃত্তি/শিক্ষাসহায়তা প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচনার সুযোগ থাকে, তবে ভুল তথ্যের কারণে ঐ আবেদন বাতিল হবে।

বর্ণিত অবস্থায় ২০২০-২০২১ অর্থ বছরের জন্য শিক্ষাবৃত্তির আবেদন সমূহ যাচাই-বাছাই এবং প্রাপ্ত আপত্তি (যদি থাকে) নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।

  
(এ কে এম ফজলুজ্জোহা)  
পরিচালক (উন্নয়ন)  
ফোন: ৮৩৯২১১১

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয় ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী/ রংপুর/ বরিশাল / সিলেট
- ০২। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বিভাগীয় কার্যালয় খুলনা/ ময়মনসিংহ।
- ০৩। প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক (সরকারের সচিব) এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।
- ০৫। অফিস কপি